**সিটি অফ নিউ ইয়র্কের দেওয়ানী আদালত**
**কাউন্টি**______________________

---

আবেদনকারী) বাড়িওয়ালা(,

সূচি নংL & T________

**অর্থপ্রদানে ব্যর্থ হওয়ার বিজ্ঞপ্তি আবেদন**

এর-বিরুদ্ধে-

উত্তরদাতা) ভাড়াটে(,
ঠিকানা:

আবেদনকারীর কর্মস্থলের ঠিকানা:

উত্তরদাতা) উপ-ভাড়াটে(
ঠিকানা:

---

**আপনার বাড়িওয়ালা আপনাকে ভাড়া না দেওয়ার কারণে আদালতে অভিযুক্ত করছেন।**

১ .আপনার বাড়িওয়ালা আপনার বিরুদ্ধে আপনি তাঁর কাছে ভাড়া বাকি রেখেছেন বলে দাবি করে একটি ভাড়া না দেওয়ায় উচ্ছেদের মামলা রুজু করেছেন। সংযুক্ত আবেদনে বাড়িওয়ালার কারণগুলি দেওয়া হয়েছে।

২ .আপনার বাড়িওয়ালা এই আদালতের কাছে চাইছেন যে:

- একটি _________$ অর্থের রায় ,তৎসহ ,____________ 20 __তারিখ থেকে সুদ ,এবং
- আপনি রায়ের অর্থ প্রদান না করলে আপনাকে আপনার ঘর থেকে উচ্ছেদ করা।

৩ .আপনার বিচারের অধিকার রয়েছে। কিন্তু আপনার প্রথমে এখানে বাড়িওয়ালা-ভাড়াটে করণিকের দপ্তরে গিয়ে আবেদনের জবাব দেওয়া আবশ্যক :___________________________, ___________, New York. আপনাকে অবশ্যই তা আপনাকে বা যিনি সেখানে বসবাস বা কাজ করেন তাঁকে এই কাগজপত্র দেওয়ার অথবা এই ঠিকানায়

| স্থানের ঠিকানা বা বর্ণনা |
| --- |
| |

আপনার ঘরের সামনে তা টাঙিয়ে দেওয়ার তারিখের **5 দিনের** মধ্যে করতে হবে:

***সতর্কতা !***আপনি 5 দিনের মধ্যে জবাব না দিলে আপনার বিরুদ্ধে একটি রায় দেওয়া হতে পারে। তা ঘটলে বাড়িওয়ালাকে আপনাকে উচ্ছেদ করতে হবে।

৪ আপনার জবাবে আপনি যে ঐ ভাড়ার পুরোটা বা কিছু অংশ বাকি রাখেননি তার আইনি কারণ দর্শাতে হবে। এই আইনি কারণগুলিকে আত্মপক্ষ সমর্থন বলা হয়। আপনার বাড়িওয়ালার বিরুদ্ধে আপনার কোন দাবি থাকলে তাও জানাতে পারেন। আপনাকে আদালতে আত্মপক্ষ সমর্থন ও দাবিগুলি প্রমাণ করতে হবে। আবেদনের জবাব দিতে আপনাকে অবশ্যই হয় এটি করতে হবে:

- বাড়িওয়ালা-ভাড়াটে করণিকের দপ্তরে যাওয়া এবং করণিককে নিজের জবাব দেওয়া ,অথবা
- বাড়িওয়ালা-ভাড়াটে করণিককে আপনার জবাব লিখিতভাবে জানানো) ফর্ম নংCiv -LT-91a.(

এই আবেদনের জবাব দেবার জন্য)  ফর্ম নংCiv -LT-92(- পূরণ করতে সাহায্য পাওয়া যাবে বাড়িওয়ালা-ভাড়াটিয়াদের ক্লার্কের দপ্তরে অথবা অনলাইনে এখানেnycourts .gov/housingnyc।

***গুরুত্বপূর্ণ!***আপনি করণিককে আপনার আত্মপক্ষ সমর্থনের সম্পর্কে কিছু না বললে আপনি তা পরবর্তীকালে এই মামলায় বা অন্য কোন মামলায় বলতে নাও পারতে পারেন।

৫ .আবেদনের জবাব দেওয়ার সময় আপনি ৩ থেকে ৮ দিন পরে আদালতে ফেরত আসার একটি তারিখ পাবেন। আপনার এই তারিখটি ১৪ দিনের জন্য স্থগিত করার অধিকার আছে তবে এই মুলতুবি আবেদনের জন্য আপনাকে আদালতে অবশ্যই আসতে হবে। আপনার আদালতের তারিখের পূর্বে যদি আপনি আপনার সমস্ত বকেয়া মিটিয়ে দেন তবে মামলাটি খারিজ হয়ে যাবে।

৬ .আপনার নাম যদি এই বিজ্ঞপ্তিতে না থাকে কিন্তু আপনি উপরের তালিকায় দেওয়া ঘরে বাস করেন ,সেক্ষেত্রে আপনি আদালতে আসতে পারেন এবং আবেদনের জবাব দিতে পারেন।

৭ .উপলব্ধ সম্পদসমূহ:

- **আইনি সহায়তা** :নিউ ইয়র্ক সিটি আইনের অধীনে ,এই মামলায় আপনার প্রতিনিধিত্ব করতে আপনি বিনামূল্যে একজন আইনজীবী পেতে পারেন। বিনামূল্যে আইনি সাহায্য পাওয়া সম্পর্কে তথ্যের জন্য718 -557- 1379নম্বরে ফোন করুন অথবাnycourts .gov/ freelawyerদেখুন। আপনার উকিল নিযুক্ত করার অর্থ থাকলে আপনিNew York City Bar Legal Referral Serviceএর সঙ্গে যোগাযোগ করতে পারেন এখানে212 -626-7373.
- **ভাষাগত সাহায্য** :আপনি ইংরেজি ভালো বলতে না পারলে বা বধির হলে বা ভালো করে শুনতে না পেলে আপনার বিনামূল্যে একজন দোভাষী পাওয়ার অধিকার রয়েছে।  আপনার দোভাষীর প্রয়োজনের কথা করণিককে বলুন ,অথবা ফোন করুন646 -386-5670 নম্বরে। অন্য কোন ভাষায় এই বিজ্ঞপ্তিটির একটি অনুবাদ পড়তে এখানে দেখুন. :nycourts.go/housingnyc  .উচ্ছেদের তথ্যের জন্য:

**646-386- :5750**Informations concernant les expulsions • বেদখলের তথ্য  •驱离租屋相关信息
迫遷相關資訊معلومات بشأن حالات الطرد • Информация о выселении •
Enfòmasyon Konsènan Degèpisman • información sobre desalojos • بے دخلیوں کی معلومات

- **ADAসাহায্য** :প্রতিবন্ধকতার কারণে আপনার আদালত ব্যবহার করতে বিশেষ ব্যবস্থার প্রয়োজন হলে 646-386- 5300নম্বরে বা 711 নম্বরে) TTY (ফোন করুন অথবা আদালতের ক্লার্ককে বলুন।
- **আর্থিক সাহায্য** :আপনার ভাড়া বাকি থাকলে এবং অর্থ না থাকলে ভাড়া প্রদান করতে সাহায্য পাওয়া সম্পর্কে আরও জানতেHRA ' s Infolineএর সঙ্গে718 - 557- 1399নম্বরে যোগাযোগ করুন।
- **আদালত ভবনে সহায়তা** :আদালত ভবনে একটি সহায়তা কেন্দ্র রয়েছে যেখানে আপনি কোন আদালত অ্যাটর্নি বা স্বেচ্ছাসেবী উকিলের সঙ্গে কথা বলতে পারেন।
- **অনলাইন সহায়তা** :এখানে আবাসন আদালতের ওয়েবসাইটটি দেখুন :.nycourts.gov/) housingnycস্পেনীয় ও চীনা ভাষাতেও পাওয়া যাবে (অথবা এখানে LawHelpNY দেখুন .lawhelpny. .org

**মুলতুবী করা ও ভাড়া জমা দেওয়া।** আদালতে আপনি আপনার মামলাটি মুলতুবী করা চাইতে পারেন। আপনার এই তারিখটি অন্তত ১৪ দিনের জন্য স্থগিত করার অধিকার আছে। আপনার মামলা যদি ৬০ দিনের মধ্যে সমাপ্ত না হয় অথবা আপনি মামলাটি মুলতুবি করার পুনরায় আবেদন জানান, তবে আদালত আপনাকে কোর্টে অর্থ জমা দেওয়া অথবা বাড়িওয়ালাকে ভাড়া মিটিয়ে দেওয়ার আদেশ দিতে পারে। এটির অমান্য হলে, মামলাটি অবিলম্বে বিচারের জন্য প্রস্তুত করা হবে।RPAPL Sec . 745.

**রায়ের পর।** বিচারের পরে আদালত যদি আপনার বিরুদ্ধে রায় দেয়, আদালত আপনাকে উচ্ছেদ আটকানোর জন্য রায় অনুযায়ী অর্থ পরিশোধের সময় দিতে পারে। এই মেয়াদকাল সম্পূর্ণ হলে, আপনি মার্শালের থেকে উচ্ছেদের নোটিস পাবেন যার দ্বারা আপনাকে ১৪ দিনের মধ্যে সমস্ত বকেয়া পরিশোধ করা অথবা উচ্ছদ হওয়ার আদেশ দেওয়া হবে। আপনি যদি এটির অমান্য করেন তবে আপনাকে মার্শালের দ্বারা উচ্ছেদ করা হবে।RPAPL Sec . 749)2(.

সিটি অফ নিউ ইয়র্ক _______________ ,কাউন্টি

তারিখ :___________________________, 20___

সিটি অফ নিউ ইয়র্কের দেওয়ানী আদালতের করনিক :_______________________________________

আবেদনকারী বা আবেদনকারীর অ্যাটর্নি: _________________________________

ঠিকানা: _________________________________

টেলিফোন নং _________________________________